# টিভি ও অ্যান্ড্রয়িড স্মার্টফোনে আসছে উবুন্টু

মো: আমিনুল ইসলাম সজীব

ওপেন সোর্স অপারেটিং সিস্টেমের জগতে উবুন্টু একটি জনপ্রিয় নাম। লিনআক্স কার্নেলের ওপর ভিত্তি করে তৈরি এই অপারেটিং সিস্টেম বিশ্বের তৃতীয় সর্বাধিক ব্যবহার হওয়া ও জনপ্রিয় অপারেটিং সিস্টেম হিসেবে আখ্যায়িত। বাসাবাড়ির কমপিউটারের পাশাপাশি কর্মক্ষেত্রে ও সার্ভারে উবুন্টু বেশ জনপ্রিয়। এর জনপ্রিয়তার অন্যতম কারণ এর ব্যবহার সহজ, ইন্টারফেস ব্যবহারবান্ধব এবং এটি একটি স্ট্যাবল অপারেটিং সিস্টেম। তবে উবুন্টুর পেছনে থাকা প্রতিষ্ঠান ক্যানোনিক্যাল শুধু কমপিউটারের অপারেটিং সিস্টেম হিসেবেই রাখতে চায় না উবুন্টুকে। প্রায় মাসখানেক ধরেই বিভিন্ন ওয়েবসাইটে গুজব রটে, ক্যানোনিক্যালের পরিকল্পনা রয়েছে বিভিন্ন ধরনের ডিভাইসের জন্য উবুন্টু অপারেটিং সিস্টেম তৈরি করা। এবার সেসব গুজবকেই বাস্তবে রূপ দিল ক্যানোনিক্যাল। প্রতিষ্ঠানটি উবুন্টুর ওয়েবসাইটে জানিয়েছে, স্মার্টটিভি এবং অ্যান্ড্রয়িডচালিত স্মার্টফোনের জন্য উবুন্টু অপারেটিং সিস্টেম তৈরি করছে এরা।

## উবুন্টু টিভি

ক্যানোনিক্যালের তৈরি উবুন্টু টিভি হচ্ছে মূলত স্মার্টটিভি অপারেটিং সিস্টেম, যা সর্বপ্রথম আনুষ্ঠানিকভাবে ঘোষিত হয় কনজিউমার ইলেকট্রনিক্স শো ২০১২-তে। এতে লিনআক্স কার্নেলের উবুন্টু অপারেটিং সিস্টেম ব্যবহার করা হয়েছে এবং ইউজার ইন্টারফেস হিসেবে দেয়া হয়েছে ইউনিটি ২ডি। এই ইউজার ইন্টারফেস তৈরি করা হয়েছে কিউটি অ্যাপ্লিকেশন ফ্রেমওয়ার্ক ব্যবহার করে।

বাসার লিভিং রুমের টেলিভিশনের জন্যই মূলত উবুন্টু টিভি তৈরি করা হয়েছে। এই অপারেটিং সিস্টেম বর্তমানে বাজারে সহজলভ্য স্মার্টটিভিতে ইনস্টল করা যাবে। এটি উবুন্টু ১২.০৪-এর ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে। বিভিন্ন সূত্র জানিয়েছে, উবুন্টু টিভি ব্যবহারকারীদের জন্য থাকবে আলাদা মুভি স্টোর, যেখান থেকে মুভি ভাড়া নিয়ে বা কিনে দেখা যাবে। এছাড়া সরাসরি ভিডিও রেকর্ড, প্লেব্যাক, ডিভিডি ভিডিও প্লেব্যাক, ব্লুরে ডিস্ক সাপোর্ট থাকবে। এটি টাচস্ক্রিন সুবিধা সাপোর্ট করবে এবং বাড়তি সুবিধা হিসেবে ঘরের কমপিউটার থেকে ছবি, মিউজিক বা ভিডিও সরাসরি টিভিতে দেখা যাবে। শুধু উবুন্টু টিভির জন্য আলাদা বিভিন্ন অ্যাপ্লিকেশনও তৈরি করা হচ্ছে বলে জানা গেছে।

কনজিউমার ইলেকট্রনিক্স শো-তে ডেমো দেখানোর পর উবুন্টু টিভির বিভিন্ন ইন্টারফেসের ছবি ইন্টারনেটে প্রকাশিত হয়েছে। এতে দেখা গেছে, উবুন্টুর সর্বশেষ সংস্করণগুলোয় যোগ করা 'লেন্স' সুবিধাটিই উবুন্টু টিভিতে যোগ করা হয়েছে। মুভি স্টোর থেকে মুভির ট্রেইলার দেখা, রেটিং, ভাড়া ও কেনার সুবিধা রয়েছে এবং এ সবই সম্পন্ন হচ্ছে লেন্স নামের এক ধরনের ফিল্টারের মাধ্যমে।

উল্লেখ্য, স্মার্টটিভি তৈরির জন্য কাজ করা বর্তমান প্রযুক্তি বিশ্বে নতুন কিছু নয়। এর আগে অ্যাপল ও গুগল তাদের নিজস্ব টিভি সেবা চালু করেছে। গুগল যুক্তরাষ্ট্রে পরীক্ষামূলকভাবে গুগল টিভি সেবা চালু করেছে।

ক্যানোনিক্যালের প্রধান নির্বাহী জেন সিলবার বলেছেন, গুগল ও অ্যান্ড্রয়িডের সাথে টিকে থাকা সত্যিই কঠিন কাজ। তবে উবুন্টু টিভিও একটি প্রতিযোগিতাপূর্ণ বাজার তৈরি করবে এবং শেষ পর্যন্ত প্রতিযোগিতায় টিকে থাকবে। অ্যাপল ও গুগল টিভি থেকে উবুন্টু টিভিকে আলাদা করতে গিয়ে তিনি বলেন, 'আমরা স্বতন্ত্র সেবার অনেক চাহিদা লক্ষ করেছি।'

উবুন্টু অপারেটিং সিস্টেমের মতোই উবুন্টু




উবুন্টু টিভি ইন্টারফেসে মুভি তালিকা

টিভি অপারেটিং সিস্টেমের জন্যও স্বেচ্ছায় অনেক ডেভেলপার অংশ নিয়েছেন। তবে এই সেবাটিকে পরিপূর্ণ করে তুলতে বিশ্বসেরা কিছু লিনআক্স এক্সপার্ট এবং ফুল টাইম ডেভেলপারকে নিয়োগ দেয়া হয়েছে বলে ক্যানোনিক্যালের কর্মকর্তারা জানান।

## উবুন্টু ফর অ্যান্ড্রয়িড

প্রযুক্তিপ্রেমী মাত্রই জানেন, অ্যান্ড্রয়িড গুগলের তৈরি একটি অপারেটিং সিস্টেম, যা স্মার্টফোন পরিচালনা করে থাকে। একসময় মোবাইল ফোনের জগতে সিমবিয়ানের রাজত্ব থাকলেও শিগগিরই তা অ্যাপলের আইওএস দখল করে নেয়। তবে অ্যান্ড্রয়িড বিভিন্ন কোম্পানির বিভিন্ন দামে সহজলভ্য হওয়ায় আইওএসের জনপ্রিয়তাকে ছাড়িয়ে গেছে। এমনকি ২০১১ সালের সেরা স্মার্টফোনের পুরস্কারও মিলেছে স্যামসাং গ্যালাক্সি এস ২ নামের একটি স্মার্টফোনের যেটি অ্যান্ড্রয়িডচালিত।

স্মার্টফোন বাজারে জনপ্রিয় হয়ে ওঠার সময় উবুন্টুভিত্তিক বেশ কিছু ওয়েবসাইটে বলা হয়েছিল, শিগগিরই উবুন্টু মোবাইলের জন্য অপারেটিং সিস্টেম তৈরি করবে।

ক্যানোনিক্যাল সম্প্রতি জানিয়েছে, নতুন কোনো অপারেটিং সিস্টেম তৈরি করে অ্যান্ড্রয়িডের প্রতিদ্বন্দ্বী হতে যাচ্ছে না উবুন্টু, বরং অ্যান্ড্রয়িডের সাথেই কাজ করবে উবুন্টু। উবুন্টু ফর অ্যান্ড্রয়িড নামে নতুন এক সেবা নিয়ে কাজ করছে ক্যানোনিক্যাল, যার মাধ্যমে ব্যবহারকারীর অ্যান্ড্রয়িড স্মার্টফোনটিই কাজ করবে একটি পূর্ণ কমপিউটার হিসেবে। উবুন্টু ফর অ্যান্ড্রয়িডের মাধ্যমে ডুয়াল কোর প্রসেসরের অ্যান্ড্রয়িড ব্যবহারকারীরা তাদের ডেস্কটপ কমপিউটারটি শুধু একটি ডকের সাথে মনিটরের সংযোগ দিলেই পুরো উবুন্টু ডেস্কটপ পেয়ে যাবেন, যেখানে যাবতীয় কাজকর্ম করতে পারবেন সহজেই।

উবুন্টু ফর অ্যান্ড্রয়িড যেভাবে স্পেনের বার্সেলোনায় অনুষ্ঠিত মোবাইল ওয়ার্ল্ড কংগ্রেসে দেখানো হয়েছে। এতে যেসব সুবিধা দেখা গেছে, তা হলো : ০১. দুটো অপারেটিং সিস্টেমই এক কার্নেল ব্যবহার করায় রিস্টার্ট না করেই যেকোনো অপারেটিং সিস্টেমে সুইচ করা যায়। ০২. ডকের মাধ্যমে কোনো কমপিউটার মনিটরের সাথে যুক্ত করলেই উবুন্টু ডেস্কটপ ইন্টারফেস পাওয়া যাবে। ০৩. একইভাবে অ্যান্ড্রয়িড স্মার্টফোনটি কোনো স্মার্টটিভির সাথে সংযুক্ত হলে চলে আসবে উবুন্টু টিভি। ০৪. উবুন্টুর যেসব স্ট্যান্ডার্ড ডেস্কটপ অ্যাপ্লিকেশন রয়েছে, সেগুলোও ডকের মাধ্যমে পাওয়া উবুন্টু ফর অ্যান্ড্রয়িডে ব্যবহার করা যাবে। ০৫. উবুন্টু ডেস্কটপে অ্যান্ড্রয়িডের অ্যাপ্লিকেশনগুলোও চালানো যাবে। ০৬. উবুন্টু ডেস্কটপ থেকেই ফোন বা এসএমএস বার্তা গ্রহণ ও পাঠানো যাবে।

## ৪ বছরে ২০ কোটি ব্যবহারকারীর লক্ষ্যে উবুন্টু

ক্যানোনিক্যালের প্রতিষ্ঠাতা মার্ক শাটলওয়ার্থের মতে, ২০১৫ সালের মধ্যে বিশ্বে ২০ কোটিতে উবুন্টু ব্যবহারকারী পৌঁছবে। এ লক্ষ্যেই শুধু ডেস্কটপ আর ল্যাপটপের গণ্ডি ছাড়িয়ে টিভি ও স্মার্টফোনের জগতেও প্রবেশ করছে উবুন্টু।

ফিডব্যাক : sajib@abjournal.com